



তথ্যবিবরণী

নম্বর- ১৫৯

“নতুন উদ্যোক্তা তৈরির জন্য বিসিক মেলার আয়োজন করেছে”

--বিভাগীয় কমিশনার

রাজশাহী; ২১ পৌষ (০৫ জানুয়ারি):

বিভাগীয় কমিশনার খোন্দকার আজিম আহমেদ বলেছেন, ঘরে বসে আমরা যে ছোট শিল্পগুলো গড়ে তুলেছি সেই শিল্পগুলো যাতে লাভজনক অবস্থায় আসে এবং নতুন উদ্যোক্তা তৈরি হয় সেজন্য আমরা এ মেলার আয়োজন করেছি।

আজ (৫ জানুয়ারি) বিকালে রাজশাহী কলেজ মাঠে বিসিক জেলা কার্যালয় আয়োজিত দশ দিনব্যাপী ‘বিসিক উদ্যোক্তা মেলার’ উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন।

মেলার সফলতা তুলে ধরে বিভাগীয় কমিশনার বলেন, এখানে রাজশাহী অঞ্চলের উৎপাদিত সকল ধরনের পণ্যের সম্ভার রয়েছে। পণ্যের গুণগতমান আপনারা দেখবেন যা আপনাদের আকর্ষিত করবে এটাই মেলার মূল সাথর্কতা। মেলায় পণ্য পছন্দ করবেন এবং ক্রয় করবেন।

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মো. মহিনুল হাসান এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহী পুলিশ কমিশনার মোহাম্মদ আবু সুফিয়ান, পুলিশ সুপার ফারজানা ইসলাম, রাজশাহী কলেজের অধ্যক্ষ মু. যছর আলী, বিসিকের আঞ্চলিক পরিচালক জাফর বায়েজীদ এবং বিসিক জেলা কার্যালয়ের উপমহাব্যবস্থাপক মো. রফিকুল ইসলাম। অন্যান্যের মধ্যে বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ, বিভিন্ন ব্যবসায়ী, শিক্ষার্থী এবং গণমাধ্যমকর্মীরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

উল্লেখ্য যে, মেলায় উদ্যোক্তাদের উৎপাদিত পণ্য ৯০টি স্টলে প্রদর্শন করা হয়।

.....

তৌহিদ/আলীম/রুহুল/কনক/হালিম/২০২৫/১৮:২০ ঘ.